ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
www.iau.edu.bd iauins13@gmail.com
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৫/২০১৭/১৫২৬৮ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

## অফিস আদেশ

করুনা মোকামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ দারুল উলুম-৮৭৪১, উপজেলা: বেতাগী, জেলা: বরগুনা-এর কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস ও ফিকহ্ বিভাগের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ১৪-০৪-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন কমিটির দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি হাদিস বিভাগ নিম্নবর্ণিত শর্তে ২৬-০৩-২০২৫ থেকে ২৫-০৩-২০২৯ তারিখ ও ফিকহ্ বিভাগ ০১-০৭-২০২৫ থেকে ৩০-০৬-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. শূন্যপদসমূহ দ্রুত পূরণের ব্যবস্থা করতে হবে;
২. সময় উপযোগী রেফারেন্স গ্রন্থ দ্বারা লাইব্রেরিকে সমৃদ্ধ করতে হবে;
৩. সকল স্তরে শিক্ষার্থীর সংখ্যা অবশ্যই বৃদ্ধির ব্যবস্থা করতে হবে;
৪. কম্পিউটার ল্যাব আধুনিকায়ন করতে হবে;
৫. জমি সংক্রান্ত বিরোধ নিষ্পত্তির জন্য তৎপর হতে হবে;
৬. মাদরাসার আয়-ব্যয় কমিটির অনুমোদনক্রমে সম্পাদন করতে হবে এবং ভাউচারগুলো যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
৭. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে বাংলা নামের পাশাপাশি আরবিতে মাদরাসার নাম এবং "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে;
৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি শিক্ষা-সহায়ক কার্যক্রম তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিগ্রাফি, সাহিত্য চর্চা, নাটিকা, খেলাধুলা, দেয়ালিকা প্রকাশ, বার্ষিকী প্রকাশ, বিতর্ক-রচনা প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;
৯. কুরআন শিক্ষার ওপর বিশেষ গুরুত্ব দেওয়ার পাশাপাশি আরবি ও ইংরেজি ভাষায় শিক্ষার্থীদের বিশেষ দক্ষতা অর্জনের জন্য ভাষা ক্লাব চালু করার জন্য কার্যকরী পদক্ষেপ নিতে হবে এবং আধুনিক ও যুগোপযোগী পাঠদানের লক্ষ্যে শিক্ষকদেরকে বিশেষ প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;
১০. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে;
১১. শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীবৃন্দের উপস্থিতি নিশ্চিত করত: ছুটি রেজিস্টারসহ ব্যক্তিগত ফাইল সংরক্ষণ করতে হবে এবং বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করার পাশাপাশি প্রতি ০৩ (তিন) মাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;
১২. অধিভুক্তি নবায়নের তারিখ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

মাননীয় ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

২২/১২/২০/২৫

(মোঃ আইউব হোসেন)
রেজিস্ট্রার ও মাদরাসা পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)
মোবাইল: ০১৭০৫ ৪০৮০০১

অধ্যক্ষ, করুনা মোকামিয়া কামিল মাদরাসা
ডাকঘর: দারুল উলুম-৮৭৪১, উপজেলা: বেতাগী, জেলা: বরগুনা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-৮৫/২০১৭/১৫২৬৮ তারিখ: ২৭ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ / ১২ অক্টোবর ২০২৫ খ্রিষ্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. পিএস টু ভিসি, ভাইস চ্যান্সেলর দপ্তর (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, করুনা মোকামিয়া কামিল মাদরাসা, ডাকঘরঃ দারুল উলুম-৮৭৪১, উপজেলা: বেতাগী, জেলা: বরগুনা।
৭. অফিস নথি।

12.10.2025
(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫